

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৬

তারিখঃ

২০অক্টোবর, ২০১৫

০৫ কার্তিক, ১৪২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ২৩ ধারা সংশোধন প্রসঙ্গে।

জনস্বার্থ সংস্থাসমূহের ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কার্যক্রমকে একটি সুনিয়ন্ত্রিত কাঠামোর আওতায় আনয়ন, হিসাব ও নিরীক্ষা পেশার স্ট্যান্ডার্ডস প্রণয়ন, যথাযথ প্রতিপালন, বাস্তবায়ন, তদারকি এবং এতদসংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে **ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫** প্রণয়ন করা হয়েছে। সেপ্টেম্বর ০৯, ২০১৫ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যায় ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ উক্ত তারিখ হতে কার্যকর হয়েছে। উক্ত আইনের ৬১ ধারাবলে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ২৩ ধারার পর একটি নতুন ধারা ‘২৩ক’ সন্নিবেশ করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালন নিশ্চিতকরণে **ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫** এর ধারা ৬১ হ্বত্ত মুদ্রিত হলোঃ

“২৩ক। নিরীক্ষকের প্রতিবেদন প্রত্যাখ্যানের ক্ষমতা।- **ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫** এর ধারা ২(৮) এ সংজ্ঞায়িত “জনস্বার্থ সংস্থা” হিসাবে প্রতিষ্ঠিত কোন আর্থিক প্রতিষ্ঠানের দায়িত্ব হইবে উক্ত আইনের ধারা ৪০ এর বিধান অনুযায়ী প্রণীত ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস এবং অভিটিং স্ট্যান্ডার্ডস অনুসরণে প্রস্তুতকৃত তালিকাভুক্ত নিরীক্ষকের প্রতিবেদনসহ প্রয়োজনীয় দলিলাদি উপস্থাপন করা।”

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শাহ আলম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮